যুগান্তর

তারিখ 06 MAR 2018
পৃষ্ঠা ২ কলাম ৫

# সরকারি চাকরিতে যোগ দিলেন ১০১০ জন কওমি আলেম

এক হাজার ১০ জন কওমি আলেম সোমবার সরকারি চাকরিতে যোগ দিয়েছেন। কওমি সনদের সরকারি স্বীকৃতির পর একসঙ্গে এত কওমি আলেমের সরকারি চাকরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম। এছাড়া আর ১ হাজার ১০ জন আলিয়ার আলেম নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। ইতিমধ্যে তাদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে। খুব শিগগিরই এর ফলাফল ঘোষণা হতে পারে। এদিকে এদিন বিকাল সাড়ে তিনটায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে নবনিযুক্ত শিক্ষকদের জন্য ৩ দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি।

সভাপতির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় কওমি, আলিয়া ও সাধারণ শিক্ষা— ৩ গ্রুপে মোট ৩ হাজার ৩০ জন শিক্ষক নিয়োগ দেয়া হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নর্সের গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী ও সিরাজ উদ্দিন আহমেদ। সংবাদ বিজ্ঞপ্তি।

ম্যানেইজ
পরিচালকের কার্য
প্রাপ্তি নং............
তারিখ............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এম.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর